

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বোর্ডসভার কার্যবিবরণী

তারিখ : ২৫ জুন, ২০১৪
 সময় : সকাল ১১-০০ টা
 স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
 সভাপতি : ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নুরুল মোমেন খান, এনডিসি, পিএসসি
 প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
 ও
 স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট 'ক'-এ উপস্থাপন করা হলো।

সভার শুরুতেই উপস্থিত সদস্যগণকে স্বাগত জানানো হয় এবং আলোচ্যসূচীর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূচী-১ঃ গত ২০ মে, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।
 গৃহীত সিদ্ধান্ত : গত ২০ মে, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও নিশ্চিতকরণ করা হলো।

আলোচ্যসূচী-২ঃ মে, ২০১৪ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।
 গৃহীত সিদ্ধান্ত : মে, ২০১৪ মাসে গৃহকর বাবদ ৩৭,৮৩,৬৬১/- টাকা এবং দোকান ভাড়া বাবদ ১০,৭৯,৮৮৭/- টাকা আদায় হয়েছে। মে, ২০১৪ পর্যন্ত এ বছরের ক্রমপঞ্জীভূত আদায় ৬,৯৭,৩৮,৭৮৪/- টাকা যা মোট দাবীর ৯৫.১২%। আদায়ের হার সন্তোষজনক। জুন, ২০১৪ মাসের মধ্যে শতভাগ দাবী আদায় হবে মর্মে সভাব্যে অবহিত করা হয়।

আলোচ্যসূচী-৩ঃ মে, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।
 গৃহীত সিদ্ধান্ত : মে, ২০১৪ মাসের আয়-ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৪ঃ ২০১৪-২০১৫ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অবলোকন।
 গৃহীত সিদ্ধান্ত : ২০১৪-২০১৫ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও অনুমোদনের জন্য আলাদাভাবে সভা আহ্বান করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৫ঃ এপ্রিল, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।
 গৃহীত সিদ্ধান্ত : এপ্রিল, ২০১৪ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৬ঃ ঢাকা সেনানিবাসের আওতাধীন এলাকায় বাড়ী নির্মাণের ক্ষেত্রে ডেভলোপার/নির্মাণকারী প্রতিষ্ঠানের নিকট হতে প্রাপ্ত জামানতের অর্থ ঠিকাদার/ডেভলোপার সিকিউরিটি ফান্ডে জমা করে পরবর্তীতে এফডিআর হিসাবে সংরক্ষণ করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বিভিন্ন উন্নয়ন/কল্যাণমূলক কাজের জন্য এফডিআর এর সুদ বাবদ প্রাপ্ত অর্থ "সিইও, ক্যান্টনমেন্ট ডেভলোপমেন্ট ফান্ড" হিসাব নং-৩৩০০০৪৬৮, সোনালী ব্যাংক লিঃ, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখায় জমা/স্থানান্তরের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ডেভলোপার/নির্মাণকারী প্রতিষ্ঠানের জামানতের অর্থ হতে প্রাপ্ত সুদ ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বসবাসকারী ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের সন্তানদের জন্য একটি রিট্রোয়েশন সেন্টার নির্মাণের নিমিত্তে "সিইও, ক্যান্টনমেন্ট ডেভলোপমেন্ট ফান্ড" হিসাব নং-৩৩০০০৪৬৮, সোনালী ব্যাংক লিঃ, ঢাকা সেনানিবাস কর্পোরেট শাখায় জমা/স্থানান্তরের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রয়োজনীয় ড্রয়িং ডিজাইন সহ মূল্যানুমান প্রস্তুতপূর্বক চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৭ঃ ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতা/আবেদনকারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	নেতা/খ্রীতার নাম ও ঠিকানা	ডিজিএকআই এর হাটপাত নম্বর ও তারিখ/ভিক্সেশন অবস্থা	মতামত
১.	প্লট#১৫/সি, রোড#২, ফ্ল্যাট#৩/বি (৩য় তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেট লিঃ, জনাব মুহাম্মদ ফারুক খান গং এর নিযুক্তীয় আম-মোক্তার বাড়ী#১৫১, লেন#৪, ইস্টার্ন রোড, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস। তারিখ- ২০/৫/২০১৪	শেখ সার্বিন হাই অনিক, পিতা- শেখ আব্দুল হাই বাছ, বাড়ী#২/২-এ, রোড#৪, বনানী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস।	তারিখ- ৫/৫/২০১৪, নং- ২৩.০১.৯০১.৮০০.০৩.০২৯.১০.০৫.০৬.১৪	ফ্ল্যাটের আয়তন- ৩৪.২৫ বর্গ ফুট (নিতলার ২টি কার পা, কিং এবং আনুপাতিকহারে অবিলম্বে) অতিক্রমিত জমিসহ) বার্ষিক গৃহকর- ২২,৫০০/- টা. জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। ব. মাসের অতিরিক্ত জমি দখলে নেই।

(৫২)

২.	প্লট#৫৬, রোড#৭, ফ্ল্যাট#৬/এ (৬ষ্ঠ তলা-দক্ষিণ-পূর্ব পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	আর্কিটেক্ট আহমেদ রিয়াদ মোমেন, ব্যবস্থাপনা পরিচালক, মোমেন রিয়েল এস্টেট লিঃ, জনাব ইকবাল ইলিয়াস সামি গং এর নিযুক্তীয় আম-মোজার বাড়ী#১৫১, লেন#৪, ইস্টার্ন রোড, মহাখালী ডিওএইচএস, ঢাকা সেনানিবাস। তার- ২০/৫/২০১৪	মেজর মোঃ রুফুল আলম (স্বামী) পিতা- মরহুম মোঃ আলম সামাদ মিয়া, বাড়ী#১১৪, রোড#২ ডিক্রিট-২, রুব-ডি, ইস্টার্ন হাউজিং, সোমাইপাড়া, পল্টনী, মিরপুর, ঢাকা।	তার- ৭/৬/২০১৪, নং- ২০.০১.৯০১.৮০০.০২.১২১.০২.০৭.ফ্ল্যাট- ৩৯৪৩	ফ্ল্যাটের আয়তন- ২০২২ বর্গ ফুট (নিচতলার ২টি কার পার্কিং এবং আনুশািতিকহারে অবিত্ত/অর্চিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১৫,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।
৩.	প্লট#১৬/এফ, রোড#২/এ, ফ্ল্যাট#৫/বি (৫ম তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	মিসেস সাজেদা আলম প্লট#১৬/এফ, রোড#২/এ, ফ্ল্যাট#৫/বি (৫ম তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তার- ২২/৫/২০১৪	মুহাম্মদ সাজেদুল আলম পিতা- মরহুম মোঃ খোরশেদ আলম, মাতা- মিসেস সাজেদা আলম প্লট#১৬/এফ, রোড#২/এ, ফ্ল্যাট#৫/বি (৫ম তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	উন্মোচন অব হেবা রেজিস্ট্রি করার অনুমতি	ফ্ল্যাটের আয়তন- ১৩৬০ বর্গ ফুট (নিচতলার ১টি কার পার্কিং এবং আনুশািতিকহারে অবিত্ত/অর্চিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটগুলি প্রস্তাবিত ক্রেতা/গ্রহীতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের/উন্মোচন অব হেবা রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ঃ ঢাকা সেনানিবাসস্থ নির্বর্তিত প্লট/ফ্ল্যাট নামজারী :-

ক্র/নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতার নাম ও ঠিকানা	গ্রহীতা/গ্রহীতার নাম, ঠিকানা ও আবেদনের তারিখ	ভিত্তিক/একই এর হাটপার/রেজিস্ট্রিকৃত হেবা দলিলমূলে	বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ	মন্তব্য
১.	প্লট#১৫/সি, রোড#২, ফ্ল্যাট#৬/এ ও ৬/বি (৬ষ্ঠ তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মুহাম্মদ ফারুক খান স্বয়ং এবং কানতারা খালেদা খান ও কারীনা খালেদা খান এর নিযুক্তীয় আম-মোজার বাড়ী#১৫/সি, রোড#২, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	(ক) জনাব হিসাম খন্দকার পিতা- বি. এইচ খন্দকার (খ) আরোশা আজিজ খান স্বামী- হিসাম খন্দকার বাড়ী#১৫/সি, রোড#২, ফ্ল্যাট#৬/এ ও ৬/বি ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তার- ৮/৬/২০১৪	তার- ০১/১০/২০১৩ নং- ২৩.০৫.৫০১. ৩০০.১০.০২৯ .০১.১০.১৩	১৪/১১/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/১৫/সি/ফ্ল্যাট নং-৬/এ এবং ৬/বি/২১	ফ্ল্যাটের আয়তন- ৬/এঃ ৫ ৪২৫ বর্গ ফুট ৬/বিঃ ৩ ১২৫ বর্গ ফুট (নিচতলার ৪টি কার পার্কিং এবং আনুশািতিকহারে অবিত্ত/অর্চিত জমিসহ) বার্ষিক গৃহকর- ২২,৫০০/- X ২ = ৪৫,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।
২.	প্লট#৩০/এফ, রোড#৪, ফ্ল্যাট#৪/৩ (৪র্থ তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মুহাম্মদ আজিজ খান সামিট প্রপার্টিজ এর পক্ষে ১৮, কাওরান বাজার বা/এ, ঢাকা।	মিসেস মোহেব্বতুল্লাহ স্বামী- মরহুম মোহাম্মদ হোসেন প্লট#৩০/এফ, রোড#৪, ফ্ল্যাট#৪/৩ (৪র্থ তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তার- ২৮/৫/২০১৪	তার- ১৯/৪/২০০৭ নং- ১৩০০/১২০/৫ ৭/৫	০৯/৬/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৩০/এফ/ফ্ল্যাট নং- ৪/৩/২৯	ফ্ল্যাটের আয়তন- ১৮৫০ বর্গ ফুট (নিচতলার ১টি কার পার্কিং এবং আনুশািতিকহারে অবিত্ত/অর্চিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।
৩.	প্লট#৫৯, রোড#৭, ফ্ল্যাট#২/বি (৩য় তলা-পশ্চিম পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	সুখান্তা করিম পিতা- মরহুম রেজাউল করিম, বাড়ী#১২, রোড#৭, সেক্টর#৩, উত্তরা মডেল টাউন, ঢাকা।	মিসেস পারভীন আলম, স্বামী- মোহাম্মদ শাহ আলম, বাড়ী#৫৯, রোড#৭, ফ্ল্যাট#২/বি (৩য় তলা-পশ্চিম পার্শ্ব), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। তার- ১৫/৫/২০১৪	তার- ১৬/৭/২০১৩ নং- ২৩.০৫.৫০১.৩০ ০.১০.০২৯.০১. ১৬.০৭.১৩	২৭/৮/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৫'৯/ফ্ল্যাট নং-২/বি(৩য় তলা-পশ্চিম)/২:০	ফ্ল্যাটের আয়তন- ১৯৭০ বর্গ ফুট (নিচতলার ১টি কার পার্কিং এবং আনুশািতিকহারে অবিত্ত/অর্চিত জমিসহ) বার্ষিক গৃহকর- ১১,২৫০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটগুলি রেজিস্ট্রিকৃত দলিল মূলে ক্রেতাগণের নামে নামজারী/রেকর্ড সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৯ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর যৌথ মালিকদের (স্বামী এবং স্ত্রী) মধ্যে মৃত স্ত্রী কামরুন নাহার এর অংশ মরহুমার স্বামী এবং ৩ পুত্র ও ১ কন্যা সন্তানের মধ্যে বন্টনের জন্য আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের বিষয়ে লেঃ কর্ণেল এম নুরুল হক গং এর আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত বাড়ীর বাৎসরিক গৃহকর ১,৩৮,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত এবং অননুমোদিত নির্মাণ নেই।

গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪৬ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মালিক যৌথভাবে লেঃ কর্ণেল (অবঃ) নুরুল হক ও তাঁর স্ত্রী মিসেস কামরুন নাহার। মিসেস কামরুন নাহার এর মৃত্যুজনিত কারণে মরহুমের অংশ তদীয় উত্তরাধিকার স্বামী, ৩ (তিন) পুত্র ও ১(এক) কন্যার নামে যৌথভাবে অবিত্ত ও অর্চিত অবস্থায় ২০/৮/২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৬ এর সিদ্ধান্তক্রমে অত্র দপ্তরের ০৪/৯/২০১৩ তারিখের ঢাক্যাবো/ক্যাঃ বাঃএঃ/৪৬/২৭২ নং পত্রের মাধ্যমে নামজারী করা হয়। গত ০৩ জুন, ২০১৪ তারিখে উল্লেখিত উত্তরাধিকারীগণ ফ্ল্যাট ভিত্তিক আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। বিস্তারিত আলোচনান্তে উত্তরাধিকারীগণের মধ্যে ফ্ল্যাট ভিত্তিক আপোষ বন্টননামা দলিল রেজিস্ট্রি করার অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

- আলোচ্যসূচী-১০ঃ মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে আইসিসি কমিউনিকেশন লিঃ-কে অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে মিরপুর ডিওএইচএস পরিষদ কর্তৃক অনাপত্তি ছাড়পত্র এবং প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়েছে।
- গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনাতে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের অনাপত্তি ছাড়পত্র সাপেক্ষে মিরপুর ডিওএইচএস এলাকায় ইন্টারনেট সার্ভিস প্রদানের নিমিত্তে আইসিসি কমিউনিকেশন লিঃ-কে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-১১ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার নিমিত্তে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, মালিক জনাব মোঃ কামাল হোসেন কর্তৃক প্রদত্ত দর অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টি পর্যালোচনায় দেখা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার নিমিত্তে ২০১১-২০১২ আর্থিক সালে ৫,৯১,৬৬৭/- টাকা, ২০১২-২০১৩ আর্থিক সালে ৭,৫০,০০০/- টাকা এবং ২০১৩-২০১৪ আর্থিক সালে ৭,৬০,০০০/- টাকার দর পাওয়া গিয়েছিল এবং বর্তমান অর্থ বছরের জন্য ৭,৬৫,০০০/- টাকার সর্বোচ্চ দর পাওয়া যায়। উক্ত দরটি বর্তমান বাজার দরের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় বলে সভায় মত প্রকাশ করা হয় এবং গ্রুপ টয়লেটগুলো ইজারার নিমিত্তে পুনঃদরপত্র আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-১২ঃ ডেভোলপার প্রতিষ্ঠান প্রফেশনাল বিল্ডার্স লিমিটেড এর জমাকৃত জামানত ৪,০০,০০০/- টাকা ফেরত প্রদানের বিষয়ে উক্ত প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক জনাব সাখাওয়াত উল্লাহ এর ২০/৪/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাসের অনাপত্তি ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে এবং অত্র দপ্তরের প্রকৌশল শাখার মতামতের ভিত্তিতে নিরাপত্তা জামানত হিসেবে জমাকৃত ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা ফেরত প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-১৩ঃ মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলার ৬ নং দোকানের মালিকানা বদল/হস্তান্তরের অনুমতি প্রদানের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ হালনাগাদ কিস্তি পরিশোধ এবং দোকান হস্তান্তর ও নামজারী ফি পরিশোধ সাপেক্ষে মিরপুর ডিওএইচএস অফিস কাম শপিং কমপ্লেক্স এর ২য় তলার ৬ নং দোকান বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে এক্ষেত্রে দাতা এবং গ্রহীতা উভয়কেই ক্যান্টনমেন্ট বোর্ডে স্বশরীরে উপস্থিত হয়ে হলফনামায় স্বাক্ষর করতে হবে।
- আলোচ্যসূচী-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২৭/বি নং বাড়ীর দলিল দস্তাবেজের ফটোকপি প্রদানের বিষয়ে জনাব এম আতিকউল্লাহ খান মাসুদ এর ৩১/৫/২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ এ বিষয়ে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত গ্রহণ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-১৫ঃ রজনীগন্ধা সুপার মার্কেটের ১ ও ৩ বছর মেয়াদী ০৩(তিন) টি দোকানের মেয়াদ উত্তীর্ণ হওয়ায় পুনঃ বরাদ্দের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, আলোচ্য দোকানগুলো প্রস্তাবিত বহুতল বিশিষ্ট মার্কেটের নির্মাণস্থলে অবস্থিত। রজনীগন্ধা সুপার মার্কেটস্থ দোকান নং-৮১/৪, ১৬/১-বি ও ২৬/বি এর মেয়াদ ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা সালামীতে মেয়াদোত্তীর্ণের তারিখ হতে পরবর্তী ০১(এক) বছরের জন্য পুনঃবরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হলো। তবে মার্কেট নির্মাণ কাজ শুরু হলে ৩০(ত্রিশ) দিনের নোটিশে কোন প্রকার ক্ষতিপূরণ দাবী ব্যতিরেকে উক্ত স্থান খালি করে দিতে বাধ্য থাকতে হবে।
- আলোচ্যসূচী-১৬ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তঃ-

ক্র/নং	প্রতি মালিকের নাম	প্রতি নম্বর	ঠিকানা	এমইউএর ছাড়পত্রের তারিখ	মত/ব্য
১।	ব্রিগেঃ জেনাঃ আবু সোহেল, এএনডিইউ, পিএসসি (অবঃ)	৬৪১	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ভবন (খালি প্রুট)
২।	গ্রুপ ক্যান্টন বাশির উদ্দিন আহমেদ (অবঃ)	৭২৬	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন নির্মাণ
৩।	কামরুন্নাহার (পাপড়ি) স্বামী-গ্রুপ ক্যান্টন মৃত সৈয়দ হোসেন আলী	৮২৭	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন নির্মাণ (গত ২০/৪/২০১৪ তারিখে অনুষ্ঠিত সভার আলোচ্যসূচী- ১৭(৪) এর মাধ্যমে স্থল বণতঃ বেঃসম্মতঃ ছিল)
৪।	(ক) বদরুন্নেছা খানম (খ) কাজী সামির আসাফ (গ) কাজী সাদীর আসাফ	৮৬৩	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন নির্মাণ
৫।	মেজর (অবঃ) মোঃ বদরুজ্জামান	৮৮৩	মিরপুর ডিওএইচএস		নতুন ০৭ তলা ভবন নির্মাণ

৬।	এয়ার কমডোর আনিছুর রহমান	৮৮৮	মিরপুর ডিওএইচএস	নতুন ০৭ তলা ভবন নির্মাণ
৭।	(ক) মেজর জেনারেল মোঃ মাসুদ রাজ্জাক, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি (খ) মেজর জেনারেল মোঃ সামছুল হক, পিএসসি	৯০৪ ৯০৬	মিরপুর ডিওএইচএস	যৌথভাবে ২টি প্লটে বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন নির্মাণ
৮।	উইং কমান্ডার বদিউজ্জামান খান (অবঃ)	৯২০	মিরপুর ডিওএইচএস	নতুন ০৭ তলা ভবন নির্মাণ
৯।	(ক) ব্রিগেড জেনারেল গোলাম মাওলা জুইয়া (খ) গ্রুপ ক্যাপ্টেন শেখ জামাল আখতার (অবঃ)	৯৫৩ ৯৫৫	মিরপুর ডিওএইচএস	যৌথভাবে দুটি প্লটে বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন নির্মাণ (গত ২০/৫/২০১৪ তারিখে অনুষ্ঠিত সভার আলোচ্যসূচী- ১৭(৮) এর মাধ্যমে ভুল বশত: বেজমেন্ট লেখা হয়নি)
১০।	কর্ণেল এআইএম রফিকুল ইসলাম (অবঃ)	১০৯৭	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
১১।	লেঃ কর্নেল মোঃ মাহমুদ (অবঃ)	১১৪৯	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
১২।	ব্রিগেড জেনারেল মোঃ নাসিম আখতার, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি	১২৩৭	মিরপুর ডিওএইচএস	সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন)
১৩।	মোঃ মুজিবুর রহমান (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	১২৪২	মিরপুর ডিওএইচএস	নতুন ০৭ তলা ভবন নির্মাণ
১৪।	লেঃ কর্নেল (অবঃ) মোস্তফা সেলিমুল হাসনাইন	১২৭৫	মিরপুর ডিওএইচএস	নতুন ০৭ তলা ভবন নির্মাণ
১৫।	লেঃ কর্নেল মোঃ শামছুল হক (অবঃ)	১৩০৭	মিরপুর ডিওএইচএস	নতুন ০৭ তলা ভবন নির্মাণ
১৬।	সাহারা ইসলাম	৬১	বনানী ডিওএইচএস	বেজমেন্ট ও নতুন ০৭ তলা ভবন নির্মাণ
১৭।	মেজর মোঃ জসিম উদ্দিন (অবঃ)	৫০	ক্যান্ট বাজার এলাকা	নতুন ০৭ তলা ভবন নির্মাণ
১৮।	জনাব নাজমুল ইসলাম চৌধুরী	৪৯/ সি-১	ক্যান্ট বাজার এলাকা	সংশোধিত ০৭ তলা ভবন নির্মাণ
১৯।	জনাব মোঃ মমিনুল হক গং	সিবি- ১৪৮	সিএস দপ-৩৭৬, মৌজা-শালানসর্গৎ, কচুক্ষেত পুরান বাজার এলাকা	নতুন ০৬ তলা ভবন নির্মাণ

গৃহীত সিদ্ধান্ত : নকশাগুলো অত্র দপ্তরের প্রকৌশলী কর্তৃক যাচাই করা হয়েছে। ক্যান্টনমেন্ট বিল্ডিং বাই-লজ অনুযায়ী Set back ঠিক আছে। স্ট্রাকচারাল ডিজাইনের ব্যাপারে ডিজাইন ইঞ্জিনিয়ার প্রত্যয়ন দিয়েছেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হলো :-

(ক) Land point of view-তে ডিওএইচএস এলাকার জন্য এমইও, কেন্দ্রীয় সার্কেল এবং অন্যান্য ক্ষেত্রে বোর্ডের রাজস্ব শাখার ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে ক্রমিক নং-১ থেকে ১৫ এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর ১৫টি প্লট, ক্রমিক নং-১৬ এ বর্ণিত বর্ণিত বনানী ডিওএইচএস এর ১টি প্লট, ক্রমিক নং- ১৭ ও ১৮ এ বর্ণিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০২টি প্লট এবং ক্রমিক নং-১৯ এ বর্ণিত কচুক্ষেত পুরান বাজার এলাকার ১টি প্লটসহ মোট ১৯টি প্লটে ০৬(ছয়)/০৭(সাত) তলা নতুন ভবন নির্মাণ/আভ্যন্তরীণ পরিবর্তনের নকশা অনুমোদন করা হলো।

উল্লেখ্য যে, প্রয়োজ্য সকল ক্ষেত্রে যথারীতি রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে এবং নির্মাণকারী প্রতিষ্ঠান কর্তৃক বাড়ী নির্মিত হলে ক্যান্টনমেন্ট বোর্ডের তালিকাভুক্তিসহ জামানতের টাকা পরিশোধ করতে হবে। প্লট মালিক কর্তৃক বাড়ী নির্মাণের ক্ষেত্রে তিনি এ মর্মে অঙ্গীকারনামা দিবেন যে, তাঁর প্লটে কোন নির্মাণকারী প্রতিষ্ঠান চুক্তিবদ্ধ হয়ে কাজ করছেন মর্মে প্রমাণিত হলে সকল প্রকার ক্ষতিপূরণ তিনি দিতে বাধ্য থাকবেন এবং ক্যান্টনমেন্ট বোর্ড প্রয়োজনীয় ক্ষতিপূরণ না পেলে অনুমোদিত নকশা স্থগিতসহ প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করলে তিনি তা মেনে নিতে বাধ্য থাকবেন।

আলোচ্যসূচী-১৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসংগে :-

ক্রমিক নং	কাজের নাম	মূল্যানুমান এমইএস সিটিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা)	ব্যয়ের খাত
১।	মহাখালী ডিওএইচএস এলাকার সিকিউরিটি ব্যারাকের গার্ডদের জন্য প্রবেশ রাস্তা নির্মাণ কাজ।	৮,৭৩,৮৫৯/-	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন/বিবিধ তহবিল/ বোর্ডের স্থানীয় আয়
২।	বারিধারা ডিওএইচএস এর ১৩ নং রোডের (পূর্ববংশ) প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ।	৬,৬৮,৫১০/-	-ঐ-
৩।	মিরপুর ডিওএইচএস এর লেকের চতুর্দিকে গার্ডেন লাইট স্থাপন কাজ।	৪,৮৩,৬৭১/-	-ঐ-
৪।	ডিওএইচএস মিরপুর লেকের পাড়ে বিশেষ ধরনের পোল দ্বারা নিরাপত্তা বাডি স্থাপন কাজ।	১৪,১৪,২৮১/৬০	-ঐ-

৫।	সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের ২৯টি স্প্লিট টাইপ এসি সার্ভিসিং, ০২টি এসি গ্যাস সার্জিকরণ এবং ০৩টি এলির সার্ভিস মেরামত/পরিবর্তন।	৪৯,৪০০/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৬।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০০ নং স্টাফ কোয়ার্টারের (৩য় তলা দক্ষিণাংশ) টয়লেটের পুরাতন স্যুরেজ লাইন পরিবর্তন করে নতুন লাইন স্থাপন কাজ।	২৭,৮৮৬/-	-এ-
৭।	সেনাপত্নী হাই স্কুলের বাউন্ডারী ওয়াল দুই ফুট উচ্চকরণ কাজ।	৬,৩৭,৫১৬/-	বোর্ডের স্থানীয় আয়
৮।	সেনাপত্নী হাই স্কুলের খেলার মাঠে ভিটি মাটি ভরাটকরণ।	৮,৮৮,১৪২/-	-এ-
৯।	ঢাকা সেনানিবাসের মঙ্গল রোড অফিসার্স কোয়ার্টার সংলগ্ন খেলার মাঠে (৩x২) ০৬টি গোল পোস্ট স্থাপন কাজ।	১,৪১,৬৫৯/-	জনসাধারণের উন্নয়নমূলক খাত
১০।	১৩ এম পি ইউনিটের চাহিদা অনুযায়ী ট্রাফিক নিয়ন্ত্রণের নিমিত্তে ০৪টি জিআই সীটের ছাতা সরবরাহ ও স্থাপন।	১,০০,০০০/-	-এ-
১১।	১৩ এম পি ইউনিটের চাহিদা অনুযায়ী প্লাস্টিক রোড ডিজাইনার এবং রিস্ট্রিক্ট টেপ (হ্যানিকম) সরবরাহ ও স্থাপন।	১,৮২,০০০/-	-এ-
১২।	ঢাকা সেনানিবাসের শীদ সরণি, মঙ্গল রোড, রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকাসহ অন্যান্য স্থানে বিভিন্ন সংস্কার ও মেরামত কাজ।	৮৬,০০০/-	-এ-
১৩।	রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের জন্য সিলিং পাখা, ওয়াল পাখা, পানির মটর এবং মাইকের ইউনিট সরবরাহ ও স্থাপন কাজ।	১,০৫,৪৩০/-	মার্কেটের মেরামত খাত
১৪।	মিরপুর ডিওএইচএস বিভিন্ন রাস্তার পোলের শোডায়, পিটের স্ল্যাব ও রাস্তায় পিভিসি পাইপ স্থাপন কাজ।	৩,১৫,৩৮৮/-	সংশ্লিষ্ট ডিওএইচএস বিভিন্ন তহবিল/ বোর্ডের স্থানীয় আয়
১৫।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে সিঙ্গাপুর বিল্ডিং এর পিছনে ড্রেন পরিষ্কার, ড্রেন নির্মাণ ও পিটসহ স্ল্যাব নির্মাণ কাজ।	৬১,৩৫৩/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
১৬।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-১২ মেরামত ও রং চুনকরণ কাজ।	৩৯,১৯৮/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
১৭।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-১৫ মেরামত ও রং চুনকরণ কাজ।	৪৬,৬৯৫/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
১৮।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-২ মেরামত ও রং চুনকরণ কাজ।	৩১,০৮৯/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
১৯।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-২৬/ডি-৩ মেরামত ও রং চুনকরণ কাজ।	২৯,১৪৪/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২০।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪ নং রোডে ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪/এ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৪৮,৬৬২/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৯ নং রোডে ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৪৮/এ এর ভবন নং-১ এর ফ্ল্যাট নং-৪ মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	১৮,৯২১/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২২।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭ নং রোডে ক্যান্ট বোর্ড স্টাফ কোয়ার্টার নং-৬৪/ডি (নিচতলা-পূর্ব পার্শ্ব) মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজ।	৬৯,৯৭৬/-	মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২৩।	মহাখালী ডিওএইচএস এলাকার ১৯/সি নং রোডের পশ্চিম প্রান্তে মাজার সংলগ্ন পুকুরের পাড়ে নির্মাণাধীন পার্কের জন্য হার্ডস্ট্যান্ড নির্মাণ।	৮,০৬,৭৪৯/-	বোর্ডের স্থানীয় আয়
২৪।	মহাখালী ডিওএইচএস এলাকার ২৭ নং রোডের (বিআইএস স্কুলের দক্ষিণ পার্শ্ব) জলাবদ্ধতা দূরীকরণের জন্য আউটলেট নির্মাণ।	৩৫,৫০৪/-	বোর্ডের স্থানীয় আয়
২৫।	বারিধারা ডিওএইচএস এর অনন্য গেইট হতে ওয়াই জংশন এবং স্কুল গেইট হতে স্টাফ রোড পর্যন্ত রাস্তার গর্ত মেরামত, সংস্কার ও কার্পেটিং কাজ।	১৩,১৯,৬৩৭/-	বোর্ডের স্থানীয় আয় (সেদাঙ্গ, ডিওএইচএস (কর্তা), ঢাকা সেনানিবাসের ১৫/৬/১৪ ৩৪ইং ১৩০০ জেফিস)

গৃহীত সিদ্ধান্ত : উপরোল্লিখিত মূল্যানুমানগুলো অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং- ৫, ৬, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০, ২১ ও ২২ এ উল্লেখিত কাজের দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট মূল্যানুমানগুলোর চূড়ান্ত অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৮ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের Responsive Tender অনুমোদন প্রসংগে :-

গৃহীত সিদ্ধান্ত :

ক্রমিক নং	কাজের বিবরণ	অনুমোদিত মূল্যানুমান এবং একই ধরনের কাজের ২০১২ মোতাবেক (টাকা)	Responsive Tenderer	উদ্ধৃত দর (টাকা)	ব্যয়ের খাত
১।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১০ নং রোডের উত্তর পার্শ্ব গুটপাত, রেপ্লিং ও কার্পেটিংকরণ এবং ফুলের বেড তৈরী ও গাছ লাগানোসহ অন্যান্য আনুষঙ্গিক কাজ।	১১,২২,২০৬/-	মেসার্স আকাশ কনস্ট্রাকশন	১১,৭২,৭০৫/-	বোর্ডের স্থানীয় আয়
২।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার গ্যারিসন হতে সিএসডি পেট্রোল পাম্প ও প্রয়াস স্কুলের পার্শ্ব এবং রাস্তার উত্তর পার্শ্ব দিয়ে ড্রেন, ফুটপাথ, টাইলস ও গাইড ওয়াল নির্মাণ কাজ।	২২,৮৩,৬৭৮/-	মেসার্স খান এন্টারপ্রাইজ	২০,৯৩,২৯৪/-	-এ-
৩।	বনানী সামরিক কবরস্থানের কার পার্কিং নির্মাণসহ পেনগুলোতে পেভ টাইলস সরবরাহ ও স্থাপন কাজ।	৫২,০৮,৪০০/-	মিলেনিয়াম ট্রেডিং	৫৪,৫৮,৪০৩/-	-এ-
৪।	মুসলিম মডার্ণ একাডেমীর বাৎসরিক মেরামত, রক্ষণাবেক্ষণ ও রংচুন ও ওয়েদারকোটকরণ কাজ।	৩,৬০,২৪৯/-	মেসার্স চান মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ	৩,৬০,২৭৯/-	সংশ্লিষ্ট বিভাগের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
৫।	মহাখালী ডিওএইচএস এলাকার ১০ নং রোডের প্রশস্তকরণসহ কার্পেটিং কাজ।	৬,৪৩,০০৬/-	মেসার্স ডিফেন্স কনস্ট্রাকশন	৬,৭৪,৬৪১/৮	বোর্ডের স্থানীয় আয়/ ডিওএইচএস বিভিন্ন

৬।	২৫ ও ২৬ ফেব্রুয়ারি তৎকালীন বিডিআরে শহীদ সেনা কর্মকর্তাদের সরণে কবরস্থানের সকল দেয়াল ও গ্রীল রংকরণ কাজ।	৩,৩১,৩১৯/-	এমআর ট্রেড লিংক	৩,৪৭,৫৫৩/৬৩	বোর্ডের স্থানীয় আয়
৭।	মহাখালী ডিওএইচএস এর পশ্চিম পার্শ্বের (কালশাহ বাবার মাজার এর পশ্চিম পার্শ্ব) বাউন্ডারী ওয়াল নির্মাণ কাজ।	৪,৯০,৮৯৬/-	মেসার্স আর এস এন্টারপ্রাইজ	৫,৯১,৫৪৬/৯৯	বোর্ডের স্থানীয় আয়
৮।	মহাখালী ডিওএইচএস এলাকার লেকের দূষিত পানি নির্গত হওয়া বন্ধ করার লক্ষ্যে ১৫ নং রোডের ড্রেন উৎকরণসহ প্ল্যাব নির্মাণ কাজ।	৩,৭৩,৫৩২/-	মেসার্স আফিন এন্টারপ্রাইজ	৩,৯১,৮৩৫/-	সংশ্লিষ্ট ডিওএইচএস বিবিধ তহবিল
৯।	মহাখালী ডিওএইচএস এলাকার সিকিউরিটি ব্যারাকের গার্ডদের জন্য প্রবেশ রাস্তা নির্মাণ ও স্তম্ভীকৃত মাটি অপসারণসহ গাছের গোড়ার মাটি, ইট, রাবিশ অপসারণ কাজ।	৫,৭৫,৬০২/-	মেসার্স হাবিব ট্রেডিং	৬,০৩,২৩০/৮৯	বোর্ডের স্থানীয় আয়/ ডিওএইচএস বিবিধ/উন্নয়ন তহবিল
১০।	মহাখালী ডিওএইচএস সিকিউরিটি ব্যারাকগামী রাস্তার পার্শ্ব লন লাইট স্থাপন, বৈদ্যুতিক পোল স্থানান্তরকরণ, মাটি অপসারণ, পুরাতন টয়লেট ও বাথরুম ভাঙ্গা, রাবিশ অপসারণ এবং গাছ কর্তন কাজ।	৩,৪০,৭৮৩/-	মেসার্স মনির এন্ড কোং	৩,৫৭,৩৭৯/-	বোর্ডের স্থানীয় আয়
১১।	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০২ ও ০৪ নং পানির পাম্প ট্রান্সফরমারের নিরাপত্তা গ্রীল স্থাপন এবং পাম্প হাউজ মেরামত কাজ।	১,৩৩,২৯৫/-	মেসার্স নকীব এন্টারপ্রাইজ	বোর্ডের স্থানীয় আয়	বোর্ডের স্থানীয় আয়
১২।	আদমজী ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল সংলগ্ন প্রধান সড়ক ও পূর্ব পার্শ্বের মেইন গেইট এর মধ্যবর্তী স্থানে পেভমেন্ট টাইলস স্থাপন কাজ।	৫,৪৪,৮৫০/-	মেসার্স এস এম এন্টারপ্রাইজ	৫,৬৯,৩৬৮/২৫	বোর্ডের স্থানীয় আয়
১৩।	মিরপুর ডিওএইচএস পরিষদ কর্তৃক ২০১২ বর্ষবরণ ও ২৫/০১/২০১৩ তারিখে এজিএম অনুষ্ঠানের জন্য সাউন্ড সিস্টেম, মঞ্চ তৈরী, চেয়ার টেবিল, কাটলারী ইত্যাদি সরবরাহ কাজ।	১,৪০,০০০/-	মেসার্স আমিন ব্রাদার্স	১,৪০,০০০/-	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল
১৪।	বনানী কবরস্থানের প্রবেশ রাস্তা (উত্তর পার্শ্ব) মেরামত ও কার্পেটিং কাজ।	২২,০৪,১৩৩/-	এম আর ট্রেড লিংক	২৩,১২,১৩৫/৫১	বোর্ডের স্থানীয় আয়
১৫।	বনানী ডিওএইচএস এলাকার দক্ষিণ পার্শ্ব পুকুর পাড়ের ০১টি গেট নির্মাণ কাজ।	৩,২৫,৮০৪/-	মেসার্স রহমান ট্রেডার্স	৩,৪১,৪৪২/৫৯	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল
১৬।	ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড অফিসের বিদ্যমান সিসি ক্যামেরা সিস্টেমের সাথে আরো ০৪টি ক্যামেরা সংযুক্ত করণ।	৯৩,০০০/-	টেলিসপ	৯৭,৬০০/-	বিদ্যুৎ শাখার নৈমিত্তিক খাত
১৭।	মিরপুর ডিওএইচএস পরিষদ এর ৭ম সাধারণ সভা উপলক্ষে সাজসজ্জা ও অন্যান্য আনুষঙ্গিক কাজ।	১,০০,০০০/-	মেসার্স হাবিব ট্রেডিং	১,০০,০০০/-	সংশ্লিষ্ট ডিওএইচএস উন্নয়ন তহবিল
১৮।	রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদের সংস্কার ও মেরামত কাজ।	২,৭০,৫৮৪/-	মান এন্ড এ আর এসোসিয়েটস্	২,৭৫,৫৮৪/-	বাজারের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
১৯।	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের বাৎসরিক সংস্কার ও মেরামত কাজ।	২,৯৯,৮৬৯/-	মেসার্স আর এস এন্টারপ্রাইজ	২,৯৯,৮৬৯/-	সংশ্লিষ্ট বিদ্যালয়ের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২০।	শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের বাৎসরিক সংস্কার ও মেরামত কাজ।	২,৯৯,৩৭০/-	মেসার্স শাহীদুল ইসলাম এন্ড কোং	২,৯৯,৩৭০/-	সংশ্লিষ্ট কলেজের মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত
২১।	ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ফুটপাথের টাইলস ভাঙ্গা রোধকল্পে ফুটপাথের পার্শ্ব আরসিসি রোড ডিভাইডার সরবরাহ ও স্থাপন কাজ।	১,০০,০০০/-	মেসার্স টান মিয়া ইঞ্জিঃ ওয়ার্কসপ	১,০৫,০০০/-	সংস্কার ও মেরামত (রাস্তাঘাট) খাত
২২।	ঢাকা সেনানিবাসের ১৩ এমপি ইউনিটের চাহিদা অনুযায়ী রোড মার্কিং পেইন্ট, এ্যাক্সেল পেইন্ট ও বাঁশ সরবরাহ ও স্থাপনকরণ।	৫৭,৫০০/-	মেসার্স এমএইচ এন্টারপ্রাইজ	৬০,৩১৭/৫০	সংস্কার ও মেরামত (রাস্তাঘাট) খাত
২৩।	ঢাকা সেনানিবাসের শহীদ সরণির ফুটপাথ সংলগ্ন সাব ড্রেন ও পিট পরিষ্কারকরণ এবং রাস্তায় বিভিন্ন স্থানে মেরামত ও সংস্কার কাজ।	১,৯৮,৫০০/-	মেসার্স সিফাত এন্টারপ্রাইজ	২,০৭,৮২৯/৫০	সংস্কার ও মেরামত (মার্গমা) খাত
২৪।	ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার এলাকায় বিভিন্ন সংস্কার ও মেরামত কাজ।	৯৯,২৭০/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	১,০৪,২৩৩/-	জনসাধারণের উন্নয়নমূলক খাত
২৫।	ঢাকা সেনানিবাসের রজনীগন্ধা অফিসার্স কোয়ার্টার সংলগ্ন খোলা মাঠে ০২টি গোল পোস্ট স্থাপন কাজ।	৭৯,৭৭০/-	মেসার্স সাকিব এন্টারপ্রাইজ	৮৩,৭৫৮/-	-এ-
২৬।	সামরিক জু-সম্পত্তি প্রশাসকের ইন্টেরিয়র ডেকোরেশনসহ সংস্কার মেরামত কাজ।	১৩,৬৫,০০০/-	মেসার্স মনির এন্ড কোং	১৬,১২,৭০৩/-	বোর্ডের স্থানীয় আয়
২৭।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০৭ নং রোডের সরস্টাফ কোয়ার্টার নং-৬৫/ডি এর পানির পুরাতন লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন লাইন স্থাপন কাজ।	৮২,৪১৭/-	মেসার্স সিফাত এন্টারপ্রাইজ	৮৬,২৯০/৫৯	সংস্কার ও মেরামত খাত (পানি সরবরাহ)
২৮।	ক্যান্টনমেন্ট বাজার এলাকার ০২ নং রোডের পুরাতন পানির লাইন পরিবর্তন করে জিআই পাইপ দ্বারা নতুন লাইন স্থাপনকরণ।	১,৯৬,৩১/-	মেসার্স তাহের এন্টারপ্রাইজ	২,০৫,৭০৯/০৯	-এ-

গৃহীত সিদ্ধান্ত : Tender Evaluation Committee এর মতামতসহ বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরসমূহ অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। ক্রমিক নং-৪, ১৬, ১৮, ১৯, ২০, ২১, ২২, ২৩, ২৪, ২৫, ২৭, ও ২৮ এ উল্লেখিত প্রকল্পগুলোর কার্যাদেশ প্রদানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক। অবশিষ্ট প্রকল্পগুলির চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক। ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে কাগজাদি প্রেরণ করা হোক।

- আলোচ্যসূচী-১৯ঃ মিরপুর ডিওএইচএস এর ১৩০০ নং প্লটে বেজমেন্টসহ নতুন ০৭(সাত) তলা ভবন নির্মাণের বিষয়ে কমান্ডার মোঃ রেজাউল করিম, বিএন (অবঃ) এর ১০ এপ্রিল, ২০১৪ তারিখের আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্ত : সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন এর বিধান এবং টেকনিক্যাল পয়েন্ট অব ডিউতে জমির আকার ও অবস্থান বিবেচনায় ৪ কাঠা বিশিষ্ট মিরপুর ডিওএইচএস এর ১৩০০ নং প্লটে গাড়ী পার্কিং ও টার্নিং রেডিয়াস বিবেচনায় বেজমেন্টসহ নকশা অনুমোদন যথাযথ আইনের ব্যত্যয় হবে এবং বাড়ীর নকশায় গাড়ী পার্কিং এর কোন স্থান না থাকায় আবেদনটি বিবেচনা করা গেল না। আবেদনকারীকে বিষয়টি অবহিত করা হোক।
- আলোচ্যসূচী-২০ঃ সেনানিবাস বর্ধিত এলাকায় দ্বৈত সংস্থার পানির লাইনের মধ্যে ক্যান্টনমেন্ট বোর্ডের পানির লাইন কর্তন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্ত : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সেনানিবাস বর্ধিত এলাকার মোট ৬৮টি বাড়িতে ঢাকা ওয়াসা এবং ক্যান্টনমেন্ট বোর্ডের পানির সংযোগ বিদ্যমান আছে। যে সকল গ্রাহক নিয়মিত বিল পরিশোধ করে আসছেন আপাতত: তাদের পানির লাইন বিচ্ছিন্ন না করার সিদ্ধান্ত গৃহীত হলো। তবে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশলী কর্তৃক সরেজমিন পরিদর্শন করে সেনানিবাস বর্ধিত এলাকায় ক্যান্টনমেন্ট বোর্ডের পানির লাইন অব্যাহত রাখা/না রাখার বিষয়ে একটি প্রতিবেদন দাখিল করবেন।
- আলোচ্যসূচী-২১ঃ মহাখালী ডিওএইচএস এলাকার ল্যান্ড পোস্ট হতে বিদ্যুৎ সংযোগ নেয়ার বিষয়ে মহাখালী ডিওএইচএস পরিষদের ২০ মে ২০১৪ তারিখের ডিওএইচএস-মহা/১০৮/১৪ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্ত : মহাখালী ডিওএইচএস এলাকার উত্তর-পূর্ব পার্শ্বে লেকটিতে পরিষ্কার পানি মজুদ রাখার স্বার্থে ডিওএইচএস পরিষদের নিজ খরচে নিজস্ব ব্যবস্থাপনায় ডেসকোর্স লাইন হতে বিদ্যুৎ সংযোগ নেয়ার নীতিগত অনুমোদন দেয়া হলো। এ ব্যাপারে ডিওএইচএস পরিষদ বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণ করবে।
- আলোচ্যসূচী-২২ঃ মিরপুর ডিওএইচএস এ নিজ খরচে ১ ও ২ নং গেইট তৈরীর জন্য অনুমতি প্রসঙ্গে মিরপুর ডিওএইচএস পরিষদের ২২ মে ২০১৪ তারিখের ১৭০৭/ডিওএইচএস/মিরপুর নং পত্রের উপর আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এলাকায় প্রস্তাবিত ২টি গেইট এর নকশা ও ব্যবহারের নীতিমালা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রেরণ করার জন্য ডিওএইচএস পরিষদকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহীত হলো। প্রাপ্ত নকশা ও নীতিমালা স্টেশন সদর দপ্তরের মাধ্যমে সেনাসদরের যথাযথ অনুমোদন প্রাপ্তির পর পুনরায় বোর্ডসভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-২৩ঃ সশস্ত্র বাহিনী দিবস ২০১৪ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা রোপনের নিমিত্তে মালামাল ক্রয়করণ বাবদ ৭,১৬,৯০০/- টাকার মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্ত : বিষয়টির উপর আলোচনান্তে সশস্ত্র বাহিনী দিবস ২০১৪ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের চারা রোপনের নিমিত্তে বিভিন্ন মালামাল ক্রয়করণ বাবদ ৭,১৬,৯০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় আর্মি, বিএএফ ও নেভী কঞ্জারভেন্সী খাত হতে আনুপাতিক হারে সমন্বয়পূর্বক সংকুলান করতে হবে।
- আলোচ্যসূচী-২৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নম্বর ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ এবং ঢাকা মেট্রো-অ-১৪-১১৬২ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামতের নিমিত্তে ৫২,০৫০.০০(রায়ান্ন হাজার পঞ্চাশ) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের ব্যয় চ-৯-আ (আর্মি) খাত হতে সংকুলান করা হবে।

ক্র/নং	গাড়ী নম্বর	বিবরণ	পরিমাণ	মূল্য
১।	১১-১৯৮৯	ওয়াটার পাম্প	০১টি	৬৮০০.০০
২।		ক্রস বেয়ারিং	০১টি	১৬০০.০০
৩।		ক্রাস প্লেট	০১টি	৪৫০০.০০
৪।		কেবিল	--	৬৫০.০০
৫।		স্প্রিং পাতি	০৮টি	১৭৫০০.০০
৬।		গিয়ার বক্স মেরামত	--	৭০০০.০০
৭।	১৪-১১৬২	ব্যাটারী	০১টি	১৪০০০.০০
			মোট =	৫২,০৫০.০০

- গৃহীত সিদ্ধান্ত : ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী ট্রাক নম্বর ঢাকা মেট্রো-অ-১১-১৯৮৯ এবং ঢাকা মেট্রো-অ-১৪-১১৬২ মেরামতের নিমিত্তে ৫২,০৫০.০০(বায়ান্ন হাজার পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। আর্মি কঞ্জারভেন্সী খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।



- আলোচ্যসূচী-২৫ঃ সশস্ত্র বাহিনী দিবস-২০১৪ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ ও চারা ক্রয়ের নিমিত্তে ১৯,৬০,০০০/- (উনিশ লক্ষ ষাট হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর আলোচনান্তে সশস্ত্র বাহিনী দিবস-২০১৪ ও আসন্ন শীত মৌসুমে সেনানিবাসের সৌন্দর্য বর্ধনের জন্য ফুলের বীজ ও চারা ক্রয়ের নিমিত্তে ১৯,৬০,০০০/- (উনিশ লক্ষ ষাট হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। আর্মি, বিএএফ ও নেভী কঞ্জারভেন্সী খাত হতে আনুপাতিক হারে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।
- আলোচ্যসূচী-২৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের কঞ্জারভেন্সী শাখার ট্রাক নম্বর ঢাকা মেট্রো-অ-১৩-১২৩৩ নিম্নবর্ণিত যন্ত্রাংশ দ্বারা মেরামতের নিমিত্তে ২০,২০০.০০ (বিশ হাজার দুইশত) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত। উক্ত কাজের ব্যয় চ-৪-খ (সাধারণ) খাত হতে সংকুলান করা হবে।

ক্র/নং	বিবরণ	পরিমাণ	মূল্য
১।	ঢাকার ডিস	০২টি	৮০০০.০০
২।	ব্রেক সু	০১সেট	৩৫০০.০০
৩।	ব্রেকপ্যাড	০১সেট	৪৫০০.০০
৪।	ব্রেকের বাকেট	০১টি	২০০.০০
৫।	স্টাডিং বক্স মেরামত	--	৪০০০.০০
		মোট =	২০,২০০.০০

- গৃহীত সিদ্ধান্তঃ সাধারণ কঞ্জারভেন্সী শাখার নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে কঞ্জারভেন্সী শাখার ট্রাক নম্বর ঢাকা মেট্রো-অ-১৩-১২৩৩ এর মেরামত বাবদ ২০,২০০/- (বিশ হাজার দুইশত) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-২৭ঃ ঢাকা সেনানিবাসের ইউনিট, আবাসিক এলাকা এবং বহুতল ভবন বৃদ্ধি পাওয়ার কারণে ময়লা আবর্জনা সংগ্রহ এবং অপসারণ কাজের পরিধি বহুগুন বৃদ্ধি পেয়েছে। তাই সেনানিবাস এলাকার ময়লা আবর্জনা সুষ্ট ও সুন্দরভাবে সংগ্রহ/অপসারণ কাজের জন্য ০৪(চার)টি ডাম্প ট্রাক ক্রয়ের নিমিত্তে প্রতিটি ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হিসাবে ২,০০,০০,০০০/- (দুই কোটি) টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা।
- গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ঢাকা সেনানিবাসের ময়লা-আবর্জনা সুষ্টভাবে সংগ্রহ ও অপসারণ কার্যক্রম সম্পন্ন করার জন্য ০২(দুই) কোটি টাকা (কম/বেশী) ব্যয়ে ৪টি ডাম্প ট্রাক ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় অনুদান/বোর্ডের স্থানীয় আয়ের উৎস হতে সংকুলান করতে হবে। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-২৮ঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-ফিতর এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের ১৮০' X ১৩০' জায়গায় ত্রিপল, ম্যাট, চাদরের বিছানা, ২(দুই)টি গেইট, ইমাম সাহেবের জন্য মিম্বর তৈরী এবং পশ্চিম পার্শ্বের গ্রীলে সাদা কাপড়ের ঝেগাও এবং মাঠের উপর ত্রিপল এবং সামিয়ানা দ্বারা প্যাঙ্কেল তৈরীর কাজের জন্য ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের সামনে ঈদগাহ মাঠে পবিত্র ঈদ-উল-ফিতর এর নামাজ আদায়ের জন্য ঈদগাহ মাঠের জন্য ত্রিপল, ম্যাট, চাদরের বিছানা, ২টি গেইট, ইমাম সাহেবের মিম্বর ইত্যাদি আনুষঙ্গিক কাজ ও সাজসজ্জার জন্য ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মসজিদের নৈমিত্তিক খাত হতে সংকুলান সাপেক্ষে ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-২৯ঃ ঢাকা সেনানিবাস এলাকায় সেনানিবাস কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে মালিক সমিতির নামে যানবাহন থেকে চাঁদা আদায় সংক্রান্ত স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ১২ জুন, ২০১৪ তারিখের ৬১৮/৩/এ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ ১২ জুন, ২০১৪ তারিখের ৬১৮/৩/এ নং পত্রের সাথে সংযুক্ত প্রতিবেদনের আলোকে জানা যায় যে, গত ২৩/৫/২০১৪ তারিখ আনুমানিক ১১.০০ ঘটিকায় মোহাম্মদ ফরহাদ আলী কর্তৃক চালিত রেজিস্ট্রেশন নম্বর ঢাকা মেট্রো-ছ-১১-১১৮১ চ্যাম্পিয়ন গাড়ীটি জিয়া কলোনী বাস স্ট্যাণ্ডে অবস্থান কালীন নং-৪০১০২৯৪ সহকারী ট্রেডম্যান মোঃ রফিকুল ইসলাম শিপন এমইএস, এয়ার, বিএনআর-৩ বাসার বেস, ঢাকা সেনানিবাস, পিতা-মোঃ আব্দুল মজিদ বাসা নং-৭১, মানিকদী, ঢাকা কর্তৃক উক্ত চ্যাম্পিয়ন গাড়ীর চালকের নিকট থেকে ৫০/- টাকা চাঁদা আদায়ের সময় এফআইইউ এবং এমপি কর্তৃক আটক করা হয়। পরবর্তীতে তাদেরকে জিজ্ঞাসাবাদে জানা যায়, সেনানিবাস এর অভ্যন্তরে চলাচলরত চ্যাম্পিয়ন গাড়ীর মালিক সমিতির নির্দেশে উক্ত গাড়ীর লাইনম্যান হিসেবে নিয়োগকৃত ব্যক্তির মাধ্যমে প্রত্যেকটি চ্যাম্পিয়ন গাড়ী হতে প্রতিদিন ৫০/- টাকা করে চাঁদা তোলা হয়। উক্ত গাড়ীর লাইনম্যান মোঃ রফিকুল ইসলাম শিপন কর্তৃক ৫০/- টাকা উত্তোলন করে নিজের পারিশ্রমিক হিসেবে ৩০/- টাকা ভোগ করে এবং ২০/- টাকা চ্যাম্পিয়ন গাড়ীর মালিক সমিতির সভাপতি মোঃ আব্দুর রহিম এর নিকট পৌছে দেয়। বিস্তারিত আলোচনান্তে প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ডের উপস্থিতিতে মালিক সমিতির সভাপতি ও সংশ্লিষ্টদের নিয়ে ক্যান্টনমেন্ট বোর্ডে একটি সমন্বয় সভা করে বিষয়টি নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হলো।

- আলোচ্যসূচী-৩০ঃ সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সংযুক্তিতে নিয়োজিত কর্মচারীদের সম্মানী ভাতা প্রদান প্রসঙ্গে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ০৯ জুন, ২০১৪ তারিখের ২/এমএলএডসি/জেনারেল/৪৩-১৬/শা-২/১১০ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে ঈদ-উল-ফিতর উপলক্ষে স্টেশন সদর দপ্তর/অন্য উৎস হতে প্রাপ্ত অনুদান দ্বারা মাস্টাররোল কর্মচারীদের সাথে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে নিয়োজিত ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৭ কর্মচারীকে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা করে সম্মানী ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-৩১ঃ ডিপিপি'র আওতায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুদানে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডের ৬/এ নং প্লটে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, সামরিক ভূ-সম্পত্তি প্রশাসন দপ্তর ও ক্যান্টনমেন্ট বোর্ডের কর্মকর্তাদের জন্য স্টাফ কোয়ার্টার নির্মাণের নিমিত্তে ৯ (নয়) কোটি টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৩ নং রোডের ৬/এ নং প্লটে এক তলা ভবন ভেঙ্গে ৭(সাত) তলা বিশিষ্ট স্টাফ কোয়ার্টার নির্মাণের ৯ (নয়) কোটি টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের উন্নয়ন প্রকল্পের আওতায় ব্যয় নির্বাহের জন্য ডিপিপি প্রস্তুতপূর্বক সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের মাধ্যমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ে স্বয়ং সম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হোক।
- আলোচ্যসূচী-৩২ঃ মিরপুর সেনানিবাস থেকে ঢাকা সেনানিবাসে মিনিবাস চলাচলের অনুমতি প্রদানের বিষয়ে ট্রাষ্ট ট্রান্সপোর্ট সার্ভিসেস (টিটিএস), প্রযত্নে: আর্মি ওয়েলফেয়ার ট্রাষ্ট, রোড#৯, বাসা#৯৭/এ, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাসের ০১ জুন, ২০১৪ তারিখের ক্যা:বো:/টিটিএস-০০১ নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে প্রতিটি গাড়ীর জন্য এককালীন ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জামানত এবং প্রতি ০৬(ছয়) মাসের জন্য ৮০০/- (আট শত) টাকা ফি পরিশোধ সাপেক্ষে রুট পারমিট/চলাচলের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-৩৩ঃ পিপিআর ২০০৮ এর বিধান অনুযায়ী ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের দরপত্র খোলার কমিটি (TOC) গঠন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ পিপিআর ২০০৮ এর বিধান অনুযায়ী নিম্নবর্ণিতভাবে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের দরপত্র খোলার কমিটি (TOC) গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলোঃ-
- | | | | |
|-----|--|----|------------|
| (১) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সভাপতি |
| (২) | ১ × প্রতিনিধি, সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | ১ × প্রতিনিধি, সিএমইএস (এয়ার), ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৪) | জিডিও, ঢাকা সেনানিবাস। (সেনা/নৌ/বিমান ৪ মাস করে) | -- | সদস্য |
| (৫) | ১ × প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য-সচিব |
- TOC (Tender Opening Committee) এবং TEC (Tender Evaluation Committee) এর সদস্যদের সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের অনুমোদনক্রমে সম্মানী প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।
- আলোচ্যসূচী-৩৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আয়ের পরিধি বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কর/ফি (যানবাহন কর, রিকশা লাইসেন্স ও রোড কাটিং ফি) নির্ধারণ/পুনঃনির্ধারণের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ প্রস্তাবনাটির উপর বিস্তারিত আলোচনান্তে যানবাহন স্টীকার গ্রহণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হতে প্রদত্ত আবাসিক সনদ ফি এবং রিকশা লাইসেন্স ফি নিম্নবর্ণিত হারে এবং রোড কাটিং ফি পরিশিষ্ট-খ অনুযায়ী পুনঃ নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলোঃ-
- | ক্রঃ নং | ধরন | বিবরণ | ফি এর হার (টাকা) |
|---------|-------------------|--|-------------------|
| ১। | যানবাহন কর/টোল ফি | (ক) ক্যান্টনমেন্ট বোর্ড হতে আবাসিক সনদ বাবদ | ২০০/- |
| | | (খ) বিআরটিসি/বড়বাস | ৩,০০০/- (বাৎসরিক) |
| | | (গ) মিনিবাস | ২,০০০/- (বাৎসরিক) |
| | | (ঘ) ম্যাক্সি | ৭৫০/- (বাৎসরিক) |
| ২। | রিকশা লাইসেন্স | ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত রিকশা লাইসেন্স ফি | ২৫০/- (বাৎসরিক) |
- ৩৫ বিবিধ-১ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডস্থ ক্যান্টনমেন্ট বোর্ডের ২ নং সাব-মারসিবল পানির পাম্প হঠাৎ বন্ধ হয়ে যাওয়ায় তা উত্তোলন ও অন্য একটি পাম্প সংযোজন ও পুনঃস্থাপনের ৫০,০০০/- টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
- গৃহীত সিদ্ধান্তঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৮ নং রোডস্থ ক্যান্টনমেন্ট বোর্ডের ২ নং পাম্পের নষ্ট হয়ে যাওয়া সাব-মারসিবল পাম্প উত্তোলন ও অন্য একটি পাম্প পুনঃস্থাপন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় পানি সরবরাহ শাখার সংস্কার মেরামত খাত (ঘ-২-ঘ) হতে সংকুলান করতে হবে। দপত্র আস্থানপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

- ৩৫ বিবিধ-২ঃ মিরপুর ক্যান্টনমেন্টস্থ বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালস এর গেইটের সম্মুখে রাস্তায় প্যাচ ওয়ার্ক করণের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।
- ৩৫ বিবিধ-৩ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের মাঠে বালু ভরাট কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।
- ৩৫ বিবিধ-৪ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজের ক্যাফেটেরিয়া নির্মাণ কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।
- ৩৫ বিবিধ-৫ঃ শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট স্কুলের পিটি গ্রাউন্ডের জলাবদ্ধতা দূরীকরণের জন্য ড্রেন সংস্কার ও মেরামত কাজের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।
- ৩৫ বিবিধ-৬ঃ ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের সিএসডি ভবনের উত্তর পার্শ্বের কাঁচা অংশ পাকাকরণসহ সংলগ্ন এলাকার জলাবদ্ধতা দূরীকরণের মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্ত : মূল্যানুমান প্রস্তুত করে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।
- ৩৫ বিবিধ-৭ঃ মিরপুর-এয়ারপোর্ট রোডে ফ্লাইওভার ও বনানী রেল ক্রসিং এ ওভারপাস নির্মাণ প্রকল্পে স্থাপিত ট্রাফিক সাইন পোস্টগুলি ক্যান্টনমেন্ট বোর্ডের মেরামত ও রক্ষণাবেক্ষণ লোডে আনা প্রসঙ্গে প্রকল্প পরিচালক, মিরপুর-এয়ারপোর্ট রোড ফ্লাইওভার এবং বনানী রেল ক্রসিং-এ ওভারপাস নির্মাণ প্রকল্প এর ১৭/৬/২০১৪ তারিখের ৬০৯/প্রজেক্ট/২১/ফ্লাইওভার নং পত্রের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।
 গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর-এয়ারপোর্ট রোডে ফ্লাইওভার ও বনানী রেল ক্রসিং এ ওভারপাস নির্মাণ প্রকল্পে স্থাপিত ট্রাফিক সাইন পোস্টগুলি ক্যান্টনমেন্ট বোর্ডের মেরামত ও রক্ষণাবেক্ষণ লোডে আনার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।
- ৩৫ বিবিধ-৮ঃ ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

ক্র/নং	প্লট মালিকের নাম	প্লট নম্বর	ঠিকানা	এমইও'র ছাড়পত্রের তারিখ	মত বা
১।	গ্রুপ ক্যাপ্টেন মোঃ মিনহাজ উদ্দীন (অবঃ)	৯১৫	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন - ৪র্থ ও ৫ম তলায় সিঙ্গেল ইউনিট)
২।	(ক) কর্ণেল মোঃ সিদ্দিকুর রহমান (অবঃ) (খ) মেজর দিলরুবা শওকত আরা ইয়াসমিন (অবঃ)	৪৩৯	মিরপুর ডিওএইচএস		সংশোধিত ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন - রুমের সাইজ পরিবর্তন)
৩।	(ক) বেগম নিলুফার ইসলাম স্বামী- মেজর জেনাঃ (অবঃ) এম রফিকুল ইসলাম (খ) সায়মা ইসলাম (গ) মোহাম্মদ রাফাত-উল-ইসলাম (ঘ) শাফফাত-ইল-ইসলাম সর্বপিতা- মেজর জেনাঃ (অবঃ) এম রফিকুল ইসলাম	১৭/এ	বনানী ডিওএইচএস		সংশোধিত বেজমেন্টসহ ০৭ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন - ক্যান্টিলিভার পরিবর্তন)

- গৃহীত সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে মিরপুর ডিওএইচএস এর ৯১৫ ও ৪৩৯ এবং বনানী ডিওএইচএস এর ১৭/এ নং প্লটে আভ্যন্তরীণ পরিবর্তনের সংশোধিত নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। প্রযোজ্য ক্ষেত্রে নিয়ম মোতাবেক রাস্তার ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে।

৩৫ বিবিধ-৯ঃ

ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত প্লট/ফ্ল্যাট বিক্রয়/হস্তান্তরের অনুমতি :-

ক্রমিক নং	প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম	বিক্রেতা/দাতা/আবেদন কারীর নাম ও ঠিকানা এবং আবেদনের তারিখ	ক্রেতা/গ্রহীতার নাম ও ঠিকানা	ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ/ডিক্লারেশন অব হেবা	মন্তব্য
১.	প্লট#২৩, রোড#৪, ফ্ল্যাট#১৩ (৫ম তলা), ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস।	জনাব মোঃ ফুল মিয়া পিতা- মৃত মোঃ চান মিয়া প্লট#২৩, রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। ২৬/২/২০১৪	বেগম রুমানা শাহীন স্বামী- স্কোয়াড্রন লীডার শেখ মোহাম্মদ আলী, ২৭/ঘ (নিলয়), বাবিবা অফিসার্স কোয়ার্টার (থার্ড গেইট), পুরাতন বিমান বন্দর সড়ক, তেজগাঁও, ঢাকা।	তাং- ২৩/৬/২০১৪, নং- ২৩.০১.৯০১.৮০০ .০৩.০২৯.১০.১৭. ০৬.১৪	ফ্ল্যাটের আয়তন- ১৩৪০ বর্গ ফুঃ (নিচতলায় ১টি কার পার্কিং এবং আনুপাতিকহারে অবিভক্ত/অচিহ্নিত জমিসহ) বার্ষিক গৃহকর- ৯,০০০/- টাকা জুন, ২০১৪ পর্যন্ত পরিশোধিত অননুমোদিত নির্মাণ নেই। বরাদ্দের অতিরিক্ত জমি দখলে নেই।

গৃহীত সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার উপরোল্লিখিত ফ্ল্যাটটি প্রস্তাবিত ক্রেতা/গ্রহীতার অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৫ বিবিধ-১০ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের নিম্নলিখিত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে :-

ক্রমিক নং	কাজের নাম	মূল্যানুমান এমইএস সিডিউল অব রেইটস, ২০১২ অনুযায়ী (টাকা)	ব্যয়ের খাত
১।	ডিএমএলএন্ডসি অফিসের দু'টি গেটরুমসহ নিচতলায় নামাজ ঘরের অফিস কক্ষের সংস্কার ও মেরামত কাজ।	৩,৮৭,০৭৭/-	বোর্ডের স্থানীয় আয়

গৃহীত সিদ্ধান্ত : উপরোল্লিখিত মূল্যানুমান অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৫ বিবিধ-১১ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ক্রয়কৃত গ্র্যান্ডুলেস ও মাইক্রোবাস সিএনজিতে রূপান্তরকরণ বাবদ ১,৪০,০৩০/- টাকা ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের জন্য ক্রয়কৃত গ্র্যান্ডুলেস ও মাইক্রোবাস সিএনজিতে রূপান্তরকরণ বাবদ ১,৪০,০৩০/- টাকা ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। হাসপাতালের নৈমিত্তিক খাত হতে ব্যয় নির্বাহ সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

৩৫ বিবিধ-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের জন্য আধুনিক মডেলের একটি ফটোকপিয়ার মেশিন ক্রয়ের নিমিত্তে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : ফটোকপিয়ার ক্রয়ের নিমিত্তে ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকার মূল্যানুমান অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। বিস্তারিত স্পেসিফিকেশন প্রস্তুত করে দরপত্র আহ্বান করত: চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

৩৫ বিবিধ-১৩ঃ সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের ব্যবহারের নিমিত্তে কেবিনের জন্য ১০০টি বেড কাভার, ওয়ার্ডের জন্য ১৫০টি বেড কাভার এবং ১৫০টি বালিশের কাভার ক্রয় বাবদ ১,৬৬,২৫০/- (এক লক্ষ ছেষট্টি হাজার দুইশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্ত : সিরাজ-খালেদা মেমোরিয়াল ক্যান্টনমেন্ট বোর্ড জেনারেল হাসপাতালের রোগীদের ব্যবহারের নিমিত্তে কেবিনের জন্য ১০০টি বেড কাভার, ওয়ার্ডের জন্য ১৫০টি বেড কাভার এবং ১৫০টি বালিশের কাভার ক্রয় বাবদ ১,৬৬,২৫০/- (এক লক্ষ ছেষট্টি হাজার দুইশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদনসহ ব্যয়ের অনুমোদন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। উক্ত কাজের যাবতীয় ব্যয় হাসপাতালের নৈমিত্তিক খাত হতে সংকুলান করতে হবে। হাসপাতালের বেড কাভার, বালিশের কাভারসহ ধোলাইয়ের জন্য অন্যান্য সামগ্রী বিধি মোতাবেক দরপত্র আহ্বান করে নির্ধারিত ধোপাখানার মাধ্যমে ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হলো।

৩৫ বিবিধ-১৪ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১ম শ্রেণীর ঠিকাদার তালিকাভুক্তির নিমিত্ত প্রাপ্ত ০৪(চার) টি আবেদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে নিম্নবর্ণিত ৪টি প্রতিষ্ঠানকে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডে প্রথম শ্রেণীর ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির সিদ্ধান্ত গৃহীত হলোঃ-

ক্র/নং	ফার্ম ও স্বত্বাধিকারীর নাম	ফার্মের ঠিকানা
১.	মেসার্স বুলবুল প্রচারনী, জনাব মোঃ আসাদুজ্জামান	সি-২২০, রজনীগন্ধা সুপার মার্কেট (কচুক্ষেত), ঢাকা ক্যান্টঃ, ঢাকা-১২০৬।
২.	মেসার্স আবরার ট্রেডার্স, জনাব মোহাম্মদ আব্দুল বাতেন	দোকান#৪ (৪র্থ তলা), স্বাধীনতা সরণি, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা ক্যান্টঃ।
৩.	মেসার্স এম. এইচ. এন্টারপ্রাইজ, জনাব মোঃ মোয়াজ্জেম হোসেন	৭৮/১, মনিপুরীপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
৪.	মেসার্স অনন্যা ট্রেডার্স, জনাব এস. এম. জাহাঙ্গীর হোসেন	গ্রাম-ধুনাইল পোঃ-বড়ধুনাইল, ধানা-শাহজাদপুর, জেলা-সিরাজগঞ্জ।


৩৫ বিবিধ-১৫ঃ ২৮ অক্টোবর, ২০১৩ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভায় আলোচ্যসূচী-২২বিবিধ(৪) এবং ০৩ ফেব্রুয়ারি, ২০১৪ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-৮ এর সিদ্ধান্তদ্বয়ের অনুবৃত্তিক্রমে ইস্টার্ন ব্যাংক লিমিটেড কর্তৃক দাখিলকৃত এটিএম বুথ এর নকশা ০২টি অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

গৃহীত সিদ্ধান্তঃ ইস্টার্ন ব্যাংক লিমিটেড এর সাথে সম্পাদিত চুক্তিপত্রের আলোকে প্রয়োজনীয় নকশা অনুমোদন ফি গ্রহণ সাপেক্ষে ২টি স্থানে ইস্টার্ন ব্যাংক লিমিটেড কর্তৃক এটিএম বুথ স্থাপনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।


৩৫ বিবিধ-১৬ঃ ঢাকা সেনানিবাসে বিদ্যমান ডাস্টবিনসমূহে ময়লা-আবর্জনা ফেলা ও সংগ্রহ করণ প্রসংগে।

গৃহীত সিদ্ধান্তঃ ঢাকা সেনানিবাসে বিদ্যমান ডাস্টবিন ও সংলগ্ন এলাকায় স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে পরিকল্পিতভাবে ময়লা ফেলার জন্য ডাস্টবিনে ডাব্বি/দরজা তৈরী ও রাস্তা থেকে ডাস্টবিন পর্যন্ত ইটের সলিংকরণ এবং ডাস্টবিনে জমাকৃত ময়লা সংগ্রহের জন্য পরিকল্পিত ব্যবস্থা গ্রহণপূর্বক ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের প্রকৌশল শাখা ও কঞ্জারভেঙ্গী শাখা কর্তৃক যৌথভাবে কার্যক্রম সম্পাদনপূর্বক আগামী বোর্ডসভায় সমাপনী প্রতিবেদন দাখিল করার সিদ্ধান্ত গৃহীত হলো।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


(মোঃ রেজাউল ইসলাম)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।


(ব্রিগেডিয়ার জেনারেল মোঃ নূরুল মোমেন খান, এন।ডি.সি, পিএসসি)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- (১) ক্যাপ্টেন সৈয়দ আরিফুল ইসলাম, (ট্যাজ), পিএসসি, বিএন
অধিনায়ক, বা নৌ জা হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (২) গ্রুপ ক্যাপ্টেন মোঃ মঞ্জুর কবীর ভূইয়া, এএফডব্লিউসি, পিএসসি
অধিনায়ক, বিএএফ বেস বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৩) কর্ণেল মোস্তাফিজুর রহমান
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৪) মেজর মোঃ মুরশেদুর রহমান ইসহাক
স্টেশন হেলথ অফিসার
প্রতিনিধি, কমান্ড্যান্ট, সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৫) কর্ণেল (অবঃ) মোঃ শহীদুল হক
বাসা#৪০৮/৮, রোড#৭ (পশ্চিম), ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস
ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৭) জনাব মোঃ মাহবুব জামিল
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা ও সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত

৫২

ঢাকা সেনানিবাস ও এর আওতাধীন এলাকায় রোড কাটিং ফি এর হার

(ক) উন্মুক্ত খনন পদ্ধতিঃ

ক্রমিক নং	রাস্তার প্রকৃতি	সড়ক খনন ফি (প্রতি বঃ মিঃ)		
		প্রাইভেট	সংস্থা	
			গভীরতা ১.৫০ মিঃ পর্যন্ত	গভীরতা ১.৫০ মিঃ এর অধিক
১.	কাঁচা রাস্তা	১৪৪.০০	১৪৪.০০	১৪৪.০০
২.	ব্রিক পেভমেন্ট (২০০ মিঃমিঃ)	১০৩৭.০০	১০৩৭.০০	১২৯০.০০
৩.	বিটুমিনাস রাস্তা	৪৬৬৫.০০	৪৬৬৫.০০	৪৮৫২.০০
৪.	সিসি রাস্তা	২৫৭৭.০০	২৫৭৭.০০	২৭৪২.০০
৫.	আরসিসি রাস্তা	৩৩৭৮.০০	৩৩৭৮.০০	৩৫৪৪.০০
৬.	রেডিমিক্স সি.সি.	২৭৪৩.০০	২৭৪৩.০০	২৯০৯.০০
৭.	এনগ্রেন্ড সি.সি টাইল (ফুটপাত)	২৬৫১.০০	২৬৫১.০০	২৮১৭.০০
৮.	ইউনিব্লক পেভারস (ফুটপাত)	২৬৯১.০০	২৬৯১.০০	২৮৫৭.০০

(খ) এইচডিডি পদ্ধতিঃ

(খ.১) ১৫০ মিঃমিঃ (৬') পর্যন্ত ডায়া রাস্তা বোরিং ফি টাকা/মিটার

ক্রমিক নং	রাস্তার প্রকৃতি	বোরিং ফি ৬ ইঞ্চির চেয়ে কম ব্যাসের জন্য (প্রতি মিঃ)	
		সংস্থা	
		গভীরতা ১.৫০ মিঃ এর কম পর্যন্ত	গভীরতা ১.৫০ মিঃ এর অধিক
১	২	৩	৪
১.	কাঁচা রাস্তা	৬৫.০০	১৬.০০
২.	ব্রিক পেভমেন্ট (২০০ মিঃমিঃ)	৪৬৭.০০	১৪৫.০০
৩.	বিটুমিনাস রাস্তা	২০৯৯.০০	৫৪৬.০০
৪.	সিসি রাস্তা	১১৬০.০০	৩০৯.০০
৫.	আরসিসি রাস্তা	১৫২০.০০	৩৯৯.০০
৬.	রেডিমিক্স সি.সি.	১২৩৪.০০	৩২৭.০০
৭.	এনগ্রেন্ড সি.সি টাইল (ফুটপাত)	১১৯৩.০০	৩১৭.০০
৮.	ইউনিব্লক পেভারস (ফুটপাত)	১২১১.০০	৩২১.০০

(খ.২) ১৫০ মিঃমিঃ (৬') এর অধিক ৩০০ মিঃমিঃ (১২') পর্যন্ত ডায়া রাস্তা বোরিং ফি টাকা/মিটার :

ক্রমিক নং	রাস্তার প্রকৃতি	বোরিং ফি ৬ ইঞ্চির চেয়ে কম ব্যাসের জন্য (প্রতি মিঃ)	
		সংস্থা	
		গভীরতা ১.৫০ মিঃ এর কম পর্যন্ত	গভীরতা ১.৫০ মিঃ এর অধিক
১	২	৩	৪
১.	কাঁচা রাস্তা	৮৬.০০	২২.০০
২.	ব্রিক পেভমেন্ট (২০০ মিঃমিঃ)	৬২২.০০	১৮১.০০
৩.	বিটুমিনাস রাস্তা	২৭৯৯.০০	৭২৮.০০
৪.	সিসি রাস্তা	১৫৪৬.০০	৪১১.০০
৫.	আরসিসি রাস্তা	২০২৭.০০	৫৩২.০০
৬.	রেডিমিক্স সি.সি.	১৬৪৭.০০	৪৩৬.০০
৭.	এনগ্রেন্ড সি.সি টাইল (ফুটপাত)	১৫৯১.০০	৪২৩.০০
৮.	ইউনিব্লক পেভারস (ফুটপাত)	১৬১০.০০	৪২৯.০০

১৫৭

(খ.৩) ৩০০ মিঃমিঃ (১২') এর অধিক ৪৫০ মিঃমিঃ (১৮') পর্যন্ত ডায়া রাস্তা বোরিং ফি টাকা/মিটার :

ক্রমিক নং	রাস্তার প্রকৃতি	বোরিং ফি ৬ ইঞ্চির চেয়ে কম ব্যাসের জন্য (প্রতি মিঃ)	
		সংস্থা	
		গভীরতা ১.৫০ মিঃ এর কম পর্যন্ত	গভীরতা ১.৫০ মিঃ এর অধিক
১	২	৩	৪
১.	কাঁচা রাস্তা	১১০.০০	২০.০০
২.	ব্রিক পেভমেন্ট (২০০ মিঃমিঃ)	৭৮০.০০	২৪৫.০০
৩.	বিটুমিনাস রাস্তা	৩৫৪৫.০০	৯২২.০০
৪.	সিসি রাস্তা	১৯৫৯.০০	৫২১.০০
৫.	আরসিসি রাস্তা	২৫৬৭.০০	৬৭৩.০০
৬.	রেডিমিক্স সি.সি.	২০৮৫.০০	৫৫৩.০০
৭.	এনগ্রেভ সি.সি টাইল (ফুটপাত)	২০১৫.০০	৫৩৫.০০
৮.	ইউনিব্লক পেভারস (ফুটপাত)	২০৪৫.০০	৫৪৩.০০

- বিশেষ শর্ত :
- ১) বর্ষা মৌসুমে অর্থাৎ জুন, জুলাই, আগস্ট ও সেপ্টেম্বর মাসে খনন করলে উল্লিখিত হারের অতিরিক্ত ৫০% হারে ক্ষতিপূরণ বিল জমাপূর্বক অনুমতি নিতে হবে।
 - ২) বোরিং/খনন কালে যে কোন সংস্থার ইউটিলিটি সার্ভিস লাইন ক্ষতিগ্রস্ত হলে বোরিংকারী সংস্থা তার উপযুক্ত ক্ষতিপূরণ/ব্যয় বহন করবে।

(১২)